দৈনিক বাংলা

031

তারিখ ... 6 SEP 1988 ...
পৃষ্ঠা ... ... কলাম ...

# ছাত্র ভর্তি বিজ্ঞপ্তি

ঢাকা গ্রাফিক আর্টস ইনস্টিটিউটে ১৯৮৮-৮৯ ইং শিক্ষা বর্ষের প্রথম পর্বে তিন বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন-প্রিন্টিং টেকনোলজি কোর্সে ছাত্র/ছাত্রী ভর্তির জন্য নির্ধারিত ফর্মে দরখাস্ত আহবান করা যাইতেছে।

## ভর্তির যোগ্যতা ও শর্তাবলী

১। প্রার্থিগণকে এসএসসি পরীক্ষায় কমপক্ষে ৪৫% এবং সাধারণ অথবা নৈর্বাচনিক অথবা উচ্চতর গণিতে ৫০% নম্বর পাইয়া উত্তীর্ণ হইতে হইবে।

২। ভর্তির নির্ধারিত ফর্ম ও ভর্তি সংক্রান্ত তথ্য বিবরণী ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে (অফেরতযোগ্য) অফিস চলাকালীন সময়ে (সকাল ৮-০০টা হইতে দুপুর ২-০০টা পর্যন্ত) নিম্নস্বাক্ষরকারীর অফিস হইতে সংগ্রহ করা যাইবে।

৩। আবেদন গ্রহণের শেষ তারিখ ২২-১০ ৮৮ ইং তারিখ দুপুর ২-০০ ঘটিকা পর্যন্ত এবং ভর্তি পরীক্ষা আগামী ২৬-১১-৮৮ ইং তারিখ সকাল ১০-০০ ঘটিকায় অনুষ্ঠিত হইবে।

৪। আবেদনের জন্য যোগ্য প্রার্থিগণকে ফরম পূরণ করিয়া (ক) এসএসসি পরীক্ষা পাসের সনদপত্রের সত্যায়িত ফটোকপি (খ) এসএসসি পরীক্ষায় নম্বর তালিকার সত্যায়িত ফটোকপি (গ) যে শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়ন করিয়াছে তাহার প্রধানের নিকট হইতে প্রশংসা/চারিত্রিক সনদপত্রের সত্যায়িত ফটোকপি (ঘ) সদ্য তোলা পাস-পোর্ট আকারের দুইকপি সত্যায়িত ছবি সংযুক্ত করিতে হইবে (ঙ) ৫০/- (পঞ্চাশ) টাকা নগদ প্রদানের রশিদ আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে।

৫। ১৯৮৮ ইং সনের এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থিগণ নিয়মিত বলিয়া গণ্য হইবে। ইহা ছাড়া ১৯৮৭ ইং সনে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থিগণ অনিয়মিত বলিয়া বিবেচিত হইবে। অনিয়মিত প্রার্থীদের ক্ষেত্রে প্রাপ্ত মোট নম্বর হইতে ৫% নম্বর বিয়োগ করিতে হইবে। ১৯৮৭ ইং সনের পূর্বে এসএসসি পরীক্ষায় পাস করিয়াছে এইরূপ প্রার্থী দরখাস্ত করার অযোগ্য বলিয়া বিবেচিত হইবে।

ভর্তির ব্যাপারে বিস্তারিত তথ্যের জন্য অত্র ইনস্টিটিউটের রেজিস্ট্রারের সহিত যোগাযোগ করা যাইতে পারে।

(মোঃ হারুনুর রশিদ)
ভারপ্রাপ্ত অধ্যক্ষ
ইনস্টিটিউট অব গ্রাফিক আর্টস
সাতমসজিদ সড়ক, ঢাকা-৭

ডিএফপি(স)-১১৭৬১-২৪/৯
জি—৩৩১৪